

স্বাক্ষরিত
মোঃ মঞ্জুর রহমান
১৫/০৬/২০২২

মোঃ সাইফুল ইসলাম
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১

হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd



স্মারক নং: ০৭/১০/২০০২/০১০.৩৫.০৫৩.২১.১৭৪৬

তারিখ: ৯ আষাঢ়, ১৪২৯

২৩ জুন ২০২২

বিষয়: রাজশাহী জেলার মোহনপুর উপজেলাধীন লালোইচ আলিম মাদ্রাসার প্রভাষক জনাব মো: মঞ্জুর রহমান/md. Monjurr Rahman (ইনডেক্স নং-R692562) এর প্রার্থীত বিষয় সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) USEO, মোহনপুর, রাজশাহী এর স্মারক নং-উমাশিঅ/মোহন/রাজ ২০২১/৯২ (২); তারিখ: ২৮.১০.২১ খ্রি.

(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৪.০৩.৩৩৮.২১-১০৫; তারিখ: ২৪.০৫.২০২২ খ্রি. (ডকেট নং-৬৪২৪; তারিখ: ২৪.০৫.২২ খ্রি.)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার মোহনপুর উপজেলাধীন লালোইচ আলিম মাদ্রাসার প্রভাষক জনাব মো: মঞ্জুর রহমান (ইনডেক্স নং-R692562) এর এমপিও শীটে বিষয় সংযোজনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে USEO, মোহনপুর, রাজশাহী কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে জনাব নাজনীন সুলতানা, সহকারী পরিচালক (অডিট ও আইন)-মাশিঅ এবং জনাব মোসাম্মৎ ফেরদৌসী আলম, পরিদর্শক (সহযোগী অধ্যাপক), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: "এমপিও শীটে জনাব মো: মঞ্জুর রহমান এর বিষয় উল্লেখ নেই কিন্তু একাডেমিক সনদ, নিয়োগ পরীক্ষার ফলাফল শীট, নিয়োগ বোর্ডের সুপারিশ রেজুলেশন, নিয়োগ ও যোগদানপত্রসহ নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে বিষয় CHEMISTRY উল্লেখ আছে এবং এমপিও শীটে বেতন কোড ০৭ উল্লেখ আছে যা প্রভাষক পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত বিষয় CHEMISTRY মর্মে তদন্ত কমিটির নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শীটে বিষয় CHEMISTRY সংযোজনের জন্য আবেদন করেছেন এবং USEO, মোহনপুর, রাজশাহী বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ বিষয় বিষয় CHEMISTRY সংযোজনের সুপারিশ করেছেন। বিধায় রাজশাহী জেলার মোহনপুর উপজেলাধীন লালোইচ আলিম মাদ্রাসার প্রভাষক জনাব মো: মঞ্জুর রহমান (ইনডেক্স নং-R692562) এর এমপিও শীটে বিষয় CHEMISTRY সংযোজন করা যেতে পারে।" (কপি সংযুক্ত)

০৩। USEO, মোহনপুর, রাজশাহী এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: মঞ্জুর রহমান (ইনডেক্স নং-R692562) এর তথ্য এবং প্রার্থীত বিষয় নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	প্রভাষক (রসায়ন) পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান বিষয়	প্রার্থীত বিষয়	মন্তব্য
০১	জনাব মো: মঞ্জুর রহমান, প্রভাষক (ইনডেক্স নং-R692562) লালোইচ আলিম মাদ্রাসা, মোহনপুর, রাজশাহী	০৭/১০/২০০২ খ্রি.	বিষয়- নেই	বিষয়- CHEMISTRY	এমপিও শীটে বিদ্যমান বিষয় উল্লেখ নেই। আবেদনকারীর প্রার্থীত বিষয়- CHEMISTRY সংযোজনযোগ্য।

০৪। এমতাবস্থায়, USEO, মোহনপুর, রাজশাহী এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: মঞ্জুর রহমান (ইনডেক্স নং-R692562) এর বিষয় CHEMISTRY সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।
- ২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকবে।
- ৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকার প্রার্থী জনাব মো: মঞ্জুর রহমান (ইনডেক্স নং-R692562) কোন প্রকার বকেয়া দাবি করতে পারবেনা।

৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদিভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবেনা।

সংযুক্তি: ১০ ফর্দ।



২৩-৬-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,

মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০৫৩.২১.১৭৪৬/১(৬)

তারিখ: ৯ আষাঢ় ১৪২৯

২৩ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনপুর, রাজশাহী।
- ৩) জনাব মোঃ লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ) ও সদস্য সচিব (এমপিও কমিটি) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪) সভাপতি/অধ্যক্ষ, লালোইচ আলিম মাদ্রাসা, মোহনপুর, রাজশাহী।
- ৫) জনাব মো: মঞ্জুর রহমান, প্রভাষক (ইনডেক্স নং-R692562) লালোইচ আলিম মাদ্রাসা, মোহনপুর, রাজশাহী।
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২৩-৬-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)